জাস্ট ট্রানজিশন

এম এম মাকফুর হাসান





মুখবন্ধ

জলবায়ু পরিবর্তন এখন আর ভবিষ্যতের কোনো দূরবর্তী আশঙ্কা নয়—এটি আজকের বাস্তবতা। এর প্রভাব পড়ছে আমাদের অর্থনীতি, পরিবেশ এবং মানুষের জীবনে, বিশেষত সেইসব শ্রমজীবী মানুষের উপর, যারা দৈনন্দিন আয়ের উপর নির্ভরশীল। তৈরি পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতির প্রাণ, আর এই শিল্পে কর্মরত লাখো শ্রমিক আমাদের উন্নয়নের মূল চালিকাশক্তি। কিন্তু জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও বৈশ্বিক বাজারের পরিবর্তিত প্রেক্ষাপট তাদের জীবনে নতুন অনিশ্চয়তা ও চ্যালেঞ্জ তৈরি করছে। "ন্যায্য রূপান্তর" বা Just Transition হলো সেই প্রক্রিয়া, যা একদিকে জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়া মোকাবিলায় টেকসই উন্নয়নকে এগিয়ে নেয়, অন্যদিকে শ্রমিকদের অধিকার, কর্মসংস্থান ও সামাজিক সুরক্ষা নিশ্চিত করে। এটি কেবল একটি নীতি নয়, বরং একটি ন্যায়ভিত্তিক পথচলার প্রতিশ্রুতি।এই বইয়ে আমি মাঠপর্যায়ের বাস্তব অভিজ্ঞতা, ৭০০ জনের অধিক শ্রমিকের তথ্য ও মতামত, এবং আন্তর্জাতিক গবেষণার প্রেক্ষাপট একত্রিত করেছি। লক্ষ্য একটাই—শ্রমিকদের কণ্ঠস্বরকে তুলে ধরা, যাতে নীতি-নির্ধারক, গবেষক, শিল্পমালিক ও সাধারণ মানুষ সবাই মিলে একটি ন্যায়সঙ্গত ও টেকসই ভবিষ্যৎ গড়তে পারে।আমি বিশ্বাস করি, পরিবর্তনের পথে শুধু প্রযুক্তি বা অর্থনৈতিক বিনিয়োগ নয়, প্রয়োজন সঠিক দৃষ্টিভঙ্গি, সহযোগিতা ও মানবিক সংবেদনশীলতা। এই বই এর মাধ্যম এ সেই যাত্রায় একটি ছোট্ট অবদান রাখতে চাই।

— এম এম মাকফুর হাসান



ISBN Number:978-984-35-8118-1

জাস্ট ট্রানজিশন

এম এম মাকফুর হাসান





ভূমিকা

বিশ্ব এখন এক পরিবর্তনের সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে। জলবায়ু পরিবর্তনের অভিঘাত, প্রযুক্তিগত রূপান্তরের গতি এবং টেকসই উন্নয়নের যাত্রা — সব মিলিয়ে আমাদের চারপাশের বাস্তবতা দ্রুত বদলে যাচ্ছে। এই পরিবর্তনের কেন্দ্রে রয়েছে "জাস্ট ট্রানজিশন" নামের একটি গুরুত্বপূর্ণ ধারণা, যা অর্থনীতি, পরিবেশ এবং সমাজের মধ্যে ভারসাম্য প্রতিষ্ঠার চেষ্টা করে।

কিন্তু প্রশ্ন হলো — এই আলোচনার মধ্যে কি শ্রমজীবী মানুষদের জায়গা আছে? এই পরিবর্তনের নীতিমালায় কি কারখানায় কাজ করা শ্রমিকের কণ্ঠ প্রতিফলিত হয়? তারা কি জানে জলবায়ু পরিবর্তন কীভাবে তাদের জীবনকে প্রভাবিত করছে, অথবা প্রযুক্তির রূপান্তর তাদের কাজ কেড়ে নিতে পারে কিনা? এই বইটি লেখার মূল প্রেরণা এসেছে এই প্রশ্নগুলো থেকেই।

আমি বিশ্বাস করি, "জাস্ট ট্রানজিশন" শুধু বড় বড় আন্তর্জাতিক নীতি বা সরকারি পরিকল্পনার বিষয় নয়। এটি একটি মানবিক বিষয়, যা সরাসরি যুক্ত আমাদের শ্রমজীবী মানুষের জীবন, জীবিকা ও মর্যাদার সঙ্গে। জলবায়ু ন্যায়বিচার মানে শুধু কার্বন কমানো নয়; এটি এমন একটি সমাজ গড়ে তোলার প্রক্রিয়া, যেখানে পরিবেশ রক্ষা এবং মানুষের অধিকার—দুইটি বিষয় একসঙ্গে মাথায় রাখা হয়।

এই বইয়ে— জলবায়ু পরিবর্তনের প্রভাব, জাস্ট ট্রানজিশনের ধারণা, বাংলাদেশের শিল্পের বাস্তবতা এবং শ্রমিকদের অংশগ্রহণের সম্ভাবনা সহজ ভাষায় তুলে ধরার চেস্টা করা হয়েছে। আপনি যদি একজন শ্রমিক, ট্রেড ইউনিয়ন সংগঠক, উন্নয়নকর্মী অথবা একজন সচেতন নাগরিক হন—তবে এই বইটি আপনাকে নতুন করে ভাবতে, জানতে ও কণ্ঠ উঁচু করতে সাহায্য করবে।

জানার মাধ্যমে সচেতনতা, সচেতনতা থেকে ক্ষমতায়ন—এই পথচলাতেই শ্রমিকদের পাশে দাঁড়ানো দরকার। কারণ, একটি প্রকৃত অর্থে টেকসই সমাজ তখনই গড়ে উঠবে, যখন সব ধরনের পরিবর্তনের কেন্দ্রে থাকবে মানুষ ও মর্যাদা।

এই বইটি লেখার সময় আমি নিজের অভিজ্ঞতা, শ্রমিকদের কথাবার্তা, ট্রেড ইউনিয়ন নেতাদের মতামত এবং জলবায়ু পরিবর্তন ও প্রযুক্তিগত রূপান্তর নিয়ে চলমান জাতীয় ও আন্তর্জাতিক আলোচনা বিশ্লেষণ করেছি। আমি চেষ্টা করেছি কঠিন ভাষা এড়িয়ে সহজ, সরল এবং শ্রমিকবান্ধব ভাষায় বিষয়গুলো উপস্থাপন করতে। যাতে করে কারখানার কর্মী, ইউনিয়নের সংগঠক, একজন শিক্ষার্থী হন বা একজন নীতিনির্ধারক—সবাই যেন এই বইয়ের কথা বুঝতে পারেন, চিন্তা করতে পারেন, প্রশ্ন করতে পারেন।

এই বইতে উঠে এসেছে কিছু বাস্তব অভিজ্ঞতা, কিছু জরুরি তথ্য এবং কিছু ভবিষ্যত ভাবনা। আমি চাই, আপনি শুধু পাঠক হয়ে না থেকে একজন চিন্তাশীল হয়ে উঠুন। কারণ, পরিবর্তনের জন্য কেবল তথ্য জানা যথেষ্ট নয়—প্রয়োজন সচেতন অংশগ্রহণ।

আপনার প্রশ্ন, ভাবনা, মতামত—সবই আমাদের এই যাত্রাকে সমৃদ্ধ করবে। এই বই যদি আপনাকে সামান্য হলেও ভাবায়, প্রশ্ন তোলে, বা আশার আলো জাগায়—তবে এই লেখার উদ্দেশ্য সফল মনে করবো।

সূচিপত্র

অধ্যায় ১: জলবায়ু পরিবর্তন............................১
জলবায়ু কী?..১
কেন হয় জলবায়ু পরিবর্তন...........................২
জলবায়ু পরিবর্তনের কারণ ও বৈশ্বিক প্রভাব..৪
জ্বালানি ও প্রযুক্তি...৬
নৈতিকতা, শিক্ষা ও সচেতনতা...৮
জলবায়ু পরিবর্তন ও পরিবেশ বিষয়ক টপিকগুলোর বিস্তারিত বিশ্লেষণ.....................৯
টেকসইতা ও পুনঃব্যবহার: পরিবেশের জন্য ভবিষ্যত পরিকল্পনা......................................১১
বাংলাদেশের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমুহ...১২
শ্রমজীবী মানুষদের উপর প্রভাব..................১২
অধ্যায় ২ জাস্ট ট্রানজিশন – ধারণা ও গুরুত্ব...১৩
জাস্ট ট্রানজিশন কী?................................১৩
জাস্ট ট্রানজিশন কেন গুরুত্বপূর্ণ?..............১৩
ইতিহাস ও আন্তর্জাতিক প্রেক্ষাপট..............১৩
আন্তর্জাতিক শ্রম সংস্থা ও জাস্ট ট্রানজিশন..১৪
কপ সম্মেলনে জাস্ট ট্রানজিশনের গুরুত্ব.....১৪
আন্তর্জাতিক সহযোগিতা ও ট্রেড ইউনিয়ন ভূমিকা...১৪
জাস্ট ট্রানজিশনের নীতিমালা ও মূলনীতি.....১৫
জাস্ট ট্রানজিশন: জলবায়ু ন্যায্যতার রূপরেখা...১৬
জাস্ট ট্রানজিশন কীভাবে কাজ করে?..........১৬
ইতিহাস ও প্রেক্ষাপট..................................১৬
মূলনীতি...১৭
বৈশ্বিক প্রেক্ষাপট...১৭
বাংলাদেশের প্রেক্ষাপট................................১৭
পর্যবেক্ষণ ও ফলাফল.................................১৭
কেন গ্রীন ফাইন্যান্স-এর সঙ্গে যুক্ত?............১৮
পরিবেশ বনাম কর্মসংস্থান নয়, বরং দুটোর সমন্বয়..১৮
অধ্যায় ৩: বাংলাদেশের শ্রম খাত ও পরিবর্তনের চ্যালেঞ্জ...................................১৯
তৈরি পোশাক ও চামড়া খাতের বর্তমান অবস্থা..১৯
প্রযুক্তিগত পরিবর্তন (অটোমেশন, ডিজিটালাইজেশন)...................................২০
জলবায়ুর প্রভাব: বন্যা, তাপদাহ ও পানি সংকট...২২
অধ্যায় ৪: টেকসই শক্তি ও প্রযুক্তি রূপান্তর..২৫
প্রকৃতি বাঁচাতে প্রযুক্তি বদলাচ্ছে — কিন্তু শ্রমিকরা কোথায় দাঁড়িয়ে? ২৫
নবায়নযোগ্য শক্তি: সৌর, বায়ু – আগামী দিনের ভরসা..২৫
অটোমেশন ও ডিজিটাল প্রযুক্তি: শ্রমিকদের জন্য সম্ভাবনা না সংকট?...........................২৬
তথ্যবক্স: বাংলাদেশের শ্রমখাতে প্রযুক্তি পরিবর্তনের চিত্র..২৭
সবুজ প্রযুক্তি কীভাবে খরচ কমায়: কল্পনা নয়, বাস্তব উদাহরণ..২৮
সবুজ প্রযুক্তি খরচ কমায় যেভাবে..............২৯
নতুন প্রযুক্তির জন্য প্রয়োজনীয় দক্ষতা: বদলে যাওয়া সময়ের সঙ্গে তাল মিলিয়ে..............২৯
শ্রমিকদের প্রশিক্ষণ ও অংশগ্রহণের সুযোগ: কেবল মেশিন নয়, মানুষও বদলাতে হয়.....৩০
অধ্যায় ৫; শ্রমিকদের কণ্ঠস্বর........................৩১
কেস স্টোরি: শিউলির গল্প.........................৩১
ট্রেড ইউনিয়নের ভূমিকা............................৩১
তথ্যবক্স: শ্রমিকদের কণ্ঠস্বর অন্তর্ভুক্তির ৫টি কৌশল...৩২
মাঠ পর্যায়ের সাক্ষাৎকার ও মতামত...........৩২
প্রস্তাব (শ্রমিকদের বক্তব্য অনুযায়ী).............৩৩
ইউনিয়ন নেতাদের অভিজ্ঞতা......................৩৩
মহিলাদের অভিজ্ঞতা ও চ্যালেঞ্জ.................৩৩
প্রধান চ্যালেঞ্জসমূহ....................................৩৪
সম্ভাবনার গল্প...৩৪
অধ্যায় ৬: অর্থায়ন, নীতি ও আন্তর্জাতিক সহায়তা...৩৫
আন্তর্জাতিক সহায়তার প্রেক্ষাপট................৩৫
আন্তর্জাতিক অর্থায়নের পথ.......................৩৫
নীতি-পর্যায়ের প্রয়োজনীয়তা......................৩৫
উপসংহার...৩৭

অধ্যায় ১: জলবায়ু পরিবর্তন

জলবায়ু পরিবর্তন **২১শ** শতকের সবচেয়ে বড় বৈশ্বিক সংকটগুলোর একটি, যা শ্রমজীবী মানুষদের ওপর গভীর প্রভাব ফেলছে। জাতিসংঘের IPCC রিপোর্ট অনুযায়ী, শিল্পবিপ্লবের পর থেকে পৃথিবীর গড় তাপমাত্রা ইতোমধ্যে **১.১ ডিগ্রি** সেলসিয়াস বেড়েছে। যদি এই উষ্ণতা ১.৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি হয়, তাহলে তা বিপর্যয়কর হবে—বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর জন্য। বাংলাদেশ দক্ষিণ এশিয়ার সবচেয়ে জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশগুলোর একটি। প্রতি বছর প্রায় ৭০ লক্ষ মানুষ প্রাকৃতিক দুর্যোগের কারণে বাস্তুচ্যুত হয়। তীব্র গরম, অতিবৃষ্টি, বন্যা ও ঘূর্ণিঝড়ের ফলে রপ্তানিমুখী শিল্পে শ্রমিকদের কাজের পরিবেশ দিন দিন দুর্বিষহ হয়ে উঠছে। বিশ্ব ব্যাংকের মতে, শুধু তাপপ্রবাহের কারণে ২০৩০ সালের মধ্যে দক্ষিণ এশিয়ায় **৮০ কোটি কর্মঘণ্টা হারাতে পারে**, যার অধিকাংশই শ্রমিক শ্রেণির জীবন ও আয়ের ওপর নেতিবাচক প্রভাব ফেলবে। ঢাকার মতো শহরে গ্রীষ্মকালে তাপমাত্রা কখনো কখনো ৪০ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়ে যায়, যেখানে শ্রমিকরা ঠান্ডা পানীয় জল, সঠিক বিশ্রাম বা শীতল পরিবেশ ছাড়া ঘণ্টার পর ঘণ্টা কাজ করেন। অথচ এই জলবায়ু সংকট সৃষ্টি করেছে ধনী দেশগুলোর দীর্ঘদিনের অতিরিক্ত শিল্প উৎপাদন ও জীবাশ্ম জ্বালানি ব্যবহার। ফলে শ্রমিকরা এমন একটি সমস্যার খেসারত দিচ্ছেন, যার জন্য তারা দায়ী নন। এই বৈষম্যমূলক বাস্তবতা থেকেই উঠে এসেছে ‘জাস্ট ট্রানজিশন’ ধারণা—যা শ্রমিকদের ন্যায্যতা, নিরাপত্তা ও অংশগ্রহণের নিশ্চয়তা দিয়ে টেকসই ভবিষ্যতের পথে যেতে চায়।

চলুন জলবায়ু পরিবর্তন সম্পর্কে বিস্তারিত জানার চেষ্টা করি...

বিষয়	আবহাওয়া	জলবায়ু
সংজ্ঞা	স্বল্প সময়ের (ঘন্টা, দিন) আবহামান	দীর্ঘ সময়ের (বছর, দশক) আবহামান
সময়কাল	সাধারণত একদিন বা কয়েকদিন	৩০ বছর বা তার বেশি সময়ের গড় অবস্থা
উপাদান	তাপমাত্রা, বৃষ্টিপাত, বাতাস, আর্দ্রতা ইত্যাদি	দীর্ঘমেয়াদে এসব উপাদানের গড় অবস্থা
পরিবর্তনের ধরণ	দ্রুত পরিবর্তনশীল	ধীর পরিবর্তনশীল
উদাহরণ	আজ বৃষ্টি হচ্ছে, কাল রোদ	এই অঞ্চলে গ্রীষ্মকালে সাধারণত গরম পড়ে

জলবায়ু কী?

জলবায়ু মানে কোনো অঞ্চলের দীর্ঘমেয়াদী আবহাওয়ার গড় অবস্থা—যেমন গড় তাপমাত্রা, বৃষ্টিপাত, বাতাসের ধরণ ইত্যাদি। প্রতিদিনের আবহাওয়া একটু একটু করে বদলায় ঠিকই, কিন্তু জলবায়ুর পরিবর্তন হয় অনেক বছর বা দশকের ব্যবধানে।

জলবায়ু পরিবর্তন কী?

জলবায়ু পরিবর্তন (Climate Change) হচ্ছে পৃথিবীর গড় জলবায়ুর ধীরে ধীরে পরিবর্তন হওয়া। এটি একদিনে হয় না, বরং দীর্ঘ সময় ধরে ঘটে।সাধারনত,২৫-৩০ বছরের আবহাওয়ার পরিবর্তনকে জলবায়ু পরিবর্তন বলে।



আপনার আশেপাশের জলবায়ু কি আজ যেমন দেখছেন, ছোটবেলা থেকে কি এমন দেখেছেন? কোন পরিবর্তন মনে হয়নি? যেমনঃ এখন গরম বেশি পড়ে, শীত কমে গেছে, বৃষ্টিপাত আগের মত হয় না, এটাকেই জলবায়ু পরিবর্তন বলে। এর ফলে পৃথিবী গরম হয়ে উঠছে, যাকে "গ্লোবাল ওয়ার্মিং" (Global Warming) বলা হয়।

কেন হয় জলবায়ু পরিবর্তন?

জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হলো **মানবসৃষ্ট কার্যকলাপ** এছাড়া প্রাকৃতিক কারনেও জলবায়ু পরিবর্তন হতে পারে, তবে সেটা খুব ই কম। প্রাকৃতিক কারণগুলো দীর্ঘ সময় ধরে পৃথিবীর জলবায়ুকে প্রভাবিত করে থাকে। এসব পরিবর্তন ধীরে ধীরে ঘটে এবং হাজার হাজার বছরজুড়ে আবহাওয়ার ধরণে পরিবর্তন আনে।

প্রাকৃতিক কারনসমূহ

১. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত (Volcanic Eruption): বড় ধরনের আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাতের ফলে বায়ুমণ্ডলে বিপুল পরিমাণ ছাই, গ্যাস (যেমন সালফার ডাই-অক্সাইড) ও ধূলিকণা ছড়িয়ে পড়ে। এগুলো সূর্যের আলো আটকে দিয়ে পৃথিবীর তাপমাত্রা কমিয়ে দিতে পারে।

উদাহরণ: ১৯৯১ সালে **মাউন্ট পিনাতুবো** (ফিলিপাইন) অগ্ন্যুৎপাতে পৃথিবীর গড় তাপমাত্রা প্রায় ০.৫°C হ্রাস পায়।

২. সূর্যের বিকিরণ পরিবর্তন (Solar Radiation Variation): সূর্যের তেজ ও শক্তির নির্গমন সবসময় একই রকম থাকে না। যখন সূর্যের তেজ বৃদ্ধি পায়, তখন পৃথিবী বেশি উষ্ণ হয় এবং উল্টোটা হলে শীতলতা বাড়ে।

উদাহরণ: "মাউন্ডার মিনিমাম" নামে পরিচিত সময়কাল (১৬৪৫-১৭১৫) সূর্যের কম সক্রিয়তার কারণে ইউরোপে অত্যন্ত ঠাণ্ডা জলবায়ু দেখা গিয়েছিল—যা "লিটল আইস এজ" নামে পরিচিত।

৩. পৃথিবীর কক্ষপথ ও অক্ষের পরিবর্তন (Milankovitch Cycles): পৃথিবীর কক্ষপথের গঠন, অক্ষের কোণ এবং ঘূর্ণনের দোলচাল দীর্ঘমেয়াদে পরিবর্তিত হয়। এই পরিবর্তনগুলোর ফলে সূর্য থেকে আগত তাপ পৃথিবীর ওপর ভিন্নভাবে পড়ে, যা বরফযুগ (Ice Age) বা গরম যুগ (Hot Age) সৃষ্টি করতে পারে।

উদাহরণ: প্রায় ১০,০০০ বছর আগেও পৃথিবীতে বরফযুগ ছিল, যা এই পরিবর্তনের অংশ হিসেবে বিবেচিত।

৪. সমুদ্রের প্রবাহে পরিবর্তন (Ocean Currents): সমুদ্রের স্রোত ও তাপমাত্রা জলবায়ুকে বড়ভাবে প্রভাবিত করে। এই স্রোতের দিক বা তাপমাত্রায় পরিবর্তন হলে অনেক অঞ্চলে আবহাওয়ার ধরণ বদলে যেতে পারে।

উদাহরণ: "এল নিনো" ও "লা নিনো" নামক সমুদ্র প্রবাহের পরিবর্তনে দক্ষিণ এশিয়ায় কখনো খরা, কখনো অতিবৃষ্টি দেখা যায়।



৫. দাবানল (Natural Wildfires): কোনো কোনো সময় বজ্রপাত বা অতিরিক্ত গরমে প্রাকৃতিকভাবে বনভূমিতে আগুন ধরে যায়। এই আগুন থেকে বিপুল পরিমাণ কার্বন ডাই-অক্সাইড বাতাসে ছড়িয়ে পড়ে।

উদাহরণ: অস্ট্রেলিয়ায় ২০১৯ সালের ভয়াবহ দাবানল—যার অনেকটা প্রাকৃতিকভাবে শুরু হয়েছিল—প্রচুর গ্রীনহাউস গ্যাস নির্গত করে।

এই প্রাকৃতিক কারণগুলো সাধারণত ধীর গতিতে এবং দীর্ঘ সময়ের ব্যবধানে ঘটে। কিন্তু বর্তমানে মানুষের কর্মকাণ্ডের কারণে জলবায়ু পরিবর্তনের গতি অনেক দ্রুততর হচ্ছে।

জলবায়ু পরিবর্তনের মানবসৃষ্ট কারণসমূহ

বর্তমান বিশ্বে জলবায়ু পরিবর্তনের প্রধান চালিকা শক্তি হলো মানুষের কর্মকাণ্ড। বিশেষ করে শিল্পায়ন, জীবাশ্ম জ্বালানির ব্যবহার, বন উজাড় এবং ভোগবাদী জীবনের কারণে গ্লোবাল ওয়ার্মিং দ্রুততর হচ্ছে। নিচে প্রতিটি কারণ তথ্য ও শ্রমিকদের দৃষ্টিকোণসহ ব্যাখ্যা করা হলো:

১. জীবাশ্ম জ্বালানির ব্যবহার (Use of Fossil Fuels): কয়লা, গ্যাস ও তেলের মতো জীবাশ্ম জ্বালানি পোড়ালে কার্বন ডাই-অক্সাইড (CO_2) নির্গত হয়, যা পৃথিবীর উষ্ণতা বাড়ায়।

তথ্য:

- ২০২৩ সালে বৈশ্বিক CO_2 নির্গমনের ৮৭% এসেছে জীবাশ্ম জ্বালানি থেকে (Source: Global Carbon Budget, 2023)

২. বন উজাড় ও জমির ব্যবহার পরিবর্তন (Deforestation and Land Use Change): বন কেটে কৃষি বা শিল্প স্থাপনের ফলে কার্বন শোষণকারী গাছ কমে যায়।

তথ্য:

- প্রতি মিনিটে বিশ্বে প্রায় ১ ফুটবল মাঠ পরিমাণ বন ধ্বংস হচ্ছে (FAO, 2022)।
- বাংলাদেশে ২০০১ থেকে ২০২০ পর্যন্ত ৩.২% প্রাকৃতিক বন হারিয়েছে (Global Forest Watch)।

৩. শিল্প উৎপাদন (Industrial Production): সিমেন্ট, স্টিল, কাপড়, প্লাস্টিকসহ নানা পণ্যের উৎপাদনে গ্রীনহাউস গ্যাস নির্গত হয়।

তথ্য:

- শিল্প খাত থেকে বৈশ্বিক গ্রীনহাউস গ্যাস নির্গমনের ২৪% আসে (IPCC, 2021)।
- বাংলাদেশের আরএমজি খাতেই প্রায় ৪০ লাখ শ্রমিক কাজ করেন—যেখানে জ্বালানি ও পানি ব্যবহার বিপুল পরিমাণে।

৪. পরিবহন খাত (Transportation): যানবাহনের ডিজেল ও পেট্রোল পোড়ালে CO_2 এবং PM2.5 জাতীয় বায়ুদূষণকারী উপাদান তৈরি হয়।

তথ্য:

- বাংলাদেশে পরিবহন খাত বায়ুদূষণের দ্বিতীয় বৃহত্তম উৎস (DOE, 2022)।
- বিশ্বব্যাপী গ্রীনহাউস গ্যাস নির্গমনের ১৫% আসে পরিবহন থেকে (IEA, 2023)।

৫. কৃষি ও পশু খামার (Agriculture and Livestock): ধান চাষ, গবাদিপশু পালন ও রাসায়নিক সার ব্যবহারে মিথেন (CH_4) ও নাইট্রাস অক্সাইড (N_2O) নির্গত হয়—যা শক্তিশালী গ্রীনহাউস গ্যাস।


তথ্য:

- বিশ্বে কৃষি খাত গ্রীনহাউস গ্যাস নির্গমনের প্রায় ১৯% দায়ী (FAO, 2022)।
- বাংলাদেশে ধানচাষ ও গবাদিপশু খাতে ৩০% মিথেন নির্গত হয় (DoE, 2021)।

৬. বর্জ্য ব্যবস্থাপনার অভাব (Poor Waste Management): শহরের বর্জ্য খোলা জায়গায় ফেলার ফলে মিথেন নির্গত হয়, যা গ্রীনহাউস গ্যাস।

তথ্য:

- ঢাকা শহরে প্রতিদিন প্রায় ৭,০০০ টন বর্জ্য উৎপন্ন হয়, যার ৫০% ঠিকভাবে ব্যবস্থাপিত হয় না (DNCC, 2022)।
- ডাম্পিং সাইটগুলো থেকে বছরে ২.৫ মিলিয়ন টন মিথেন গ্যাস নির্গত হতে পারে।



৭. ভোগবাদী জীবনযাপন (Overconsumption and Unsustainable Lifestyle): দ্রুত ফ্যাশন, প্রযুক্তি, এয়ারকন্ডিশন, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিক—সবকিছু পরিবেশের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করে।

তথ্য:

- ❖ একজন ভোক্তার কার্বন ফুটপ্রিন্ট উন্নত দেশে বছরে গড়ে ১০ টনের বেশি (WWF)।
- ❖ অথচ বাংলাদেশের একজন গার্মেন্টস শ্রমিকের কার্বন ফুটপ্রিন্ট ১ টনের কম।



মানবসৃষ্ট কারণেই জলবায়ু পরিবর্তনের গতি ভয়াবহভাবে বেড়েছে। অথচ এর ফল ভোগ করছে সবচেয়ে দরিদ্র ও ঝুঁকিপূর্ণ শ্রেণি—শ্রমিক সমাজ। এই বাস্তবতায় "Just Transition" নিশ্চিত করতে হলে শুধু পরিবেশবান্ধব প্রযুক্তিতে রূপান্তর নয়, বরং শ্রমিকদের জন্য সমতা, প্রশিক্ষণ ও পুনর্বাসন নিশ্চিত করতে হবে।

এর ফলে কী ঘটে?

- ❖ গড় তাপমাত্রা বাড়ে
- ❖ বরফ গলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়ে
- ❖ ঘূর্ণিঝড়, খরা, অতিবৃষ্টি বাড়ে
- ❖ মৌসুমি কৃষিকাজের ব্যাঘাত ঘটে
- ❖ রোগবালাই বাড়ে
- ❖ দরিদ্র জনগোষ্ঠী ঝুঁকিতে পড়ে

সহজ ভাষায়...

যেমন ধরুন, আপনি একটি ঘরে বসে আছেন, দরজা জানালা সব বন্ধ করে দিয়েছেন, ফ্যান বা বাতাস নেই, বাইরের গরমও ভিতরে ঢুকছে। ধীরে ধীরে ঘর গরম হয়ে যাচ্ছে—এই রকম অবস্থায় পৃথিবীর হচ্ছে। সব কিছু ঢেকে রাখছে গ্রিনহাউস গ্যাস, ফলে পৃথিবী উত্তপ্ত হয়ে উঠছে।

জলবায়ু পরিবর্তনের কারণ ও বৈশ্বিক প্রভাব

ভাবুন, আমাদের পৃথিবীটা যেন একটা বিশাল ঘর। ঘরটিতে যত মানুষ থাকে, তত বেশি কাজ হয়—চুলায় রান্না, লাইট জ্বলে, মেশিন চলে, গাড়ি চলে, কারখানায় পণ্য তৈরি হয়। এই সব কাজ করতে গিয়ে যে ধোঁয়া (গ্যাস) তৈরি হয়, তা ওই ঘরের ভিতরেই জমতে থাকে। জানালা-দরজা বন্ধ থাকলে যেমন ঘরটা ধীরে ধীরে গরম হয়ে যায়, ঠিক তেমনই এই পৃথিবীটাও দিন দিন গরম হয়ে যাচ্ছে। এই গরম হওয়াকেই বলে জলবায়ু পরিবর্তন।

যেসব ধনী দেশ অনেক আগে থেকে বিশাল শিল্প-কারখানা তৈরি করেছে, তারা বছরের পর বছর ধরে এই ধোঁয়া (কার্বন ডাই-অক্সাইড, মিথেন গ্যাস ইত্যাদি) বাতাসে ছেড়েছে। এতে করে পৃথিবীর চারপাশে একটা অদৃশ্য চাদরের মতো গ্যাস জমে গিয়েছে, যেটা সূর্যের তাপ আটকে রাখে। ফলে পৃথিবী গরম হচ্ছে, বরফ গলছে, সমুদ্রের পানি বাড়ছে। এর ফলে দেখা দিচ্ছে—

- ❖ অপ্রত্যাশিত বৃষ্টি
- ❖ ভয়াবহ খরা
- ❖ ঘূর্ণিঝড়, বন্যা, ভূমিধস
- ❖ শস্য নষ্ট হওয়া
- ❖ পানি ও খাদ্য সংকট
- ❖ নানা ধরনের রোগব্যাধি

এই সমস্যা শুধু একটা দেশের না, সব দেশের। কিন্তু মুশকিল হলো—যারা এই গ্যাস বেশি ছেড়েছে, তারা আজ ভালোভাবে আছে। আর যাদের গ্যাস ছাড়ার হাত ছিল ছোট, তারাই সবচেয়ে বেশি ভুগছে। বাংলাদেশের মতো দেশ, যেখানে অনেক গরিব মানুষ, খেটে খাওয়া শ্রমিক—তাদের জীবনেই সবচেয়ে বেশি আঘাত এসে লাগছে।



জলবায়ু পরিবর্তনের মূল কারণ হলো **গ্রিনহাউস গ্যাস** (যেমন: CO_2, CH_4) অতিরিক্ত হারে নির্গমন, যা মূলত ঘটে জীবাশ্ম জ্বালানি (কয়লা, তেল, গ্যাস) পোড়ানোর ফলে। উন্নত দেশগুলোর অতিরিক্ত শিল্প উৎপাদন ও উচ্চভোগ্য জীবনযাত্রার কারণে শত শত বছর ধরে এই গ্যাসগুলো বায়ুমণ্ডলে জমা হয়েছে। পৃথিবীর গড় তাপমাত্রা ইতোমধ্যে প্রায় **১.১°C** বেড়েছে (IPCC, 2023)। এর ফলে গলছে মেরুর বরফ, বাড়ছে সমুদ্রের পানি, দেখা দিচ্ছে হিটওয়েভ, খরা, বন্যা, ঘূর্ণিঝড়—যার প্রভাব পড়ছে কৃষি, পানি, স্বাস্থ্য, বাসস্থান ও অর্থনীতির উপর। বিশ্বব্যাপী জলবায়ু সংক্রান্ত দুর্যোগে প্রতি বছর **২০০ কোটির বেশি মানুষ** ক্ষতিগ্রস্ত হন।

জলবায়ু পরিবর্তন ও পরিবেশ বিষয়ক ট্রেন্ডিং ও গ্লোবাল টপিকসমূহ

১. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি (Sea Level Rise): বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির ফলে মেরু অঞ্চলের বরফ গলে এবং সমুদ্রের পানির তাপমাত্রা বাড়ে, ফলে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়ে। এটি উপকূলীয় জনগোষ্ঠী, কৃষি, এবং খাদ্য নিরাপত্তার জন্য ভয়াবহ হুমকি।

তথ্য:

- ❖ IPCC অনুযায়ী, ২০৯০ সালের মধ্যে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ১.১ মিটার পর্যন্ত বাড়তে পারে যদি কার্বন নিঃসরণ এখনকার মতই থাকে।
- ❖ প্রতিদিন গড়ে ২.৮ মিমি হারে সমুদ্রের উচ্চতা বাড়ছে (IPCC SROCC, 2019)।
- ❖ বাংলাদেশের উপকূলীয় এলাকার **১ কোটি ৮০ লাখ মানুষ** (World Bank, 2023) উচ্চ জোয়ার ও লবণাক্ততার কারণে ঝুঁকিতে রয়েছে।

সমুদ্রপৃষ্ঠের ০.৫ মিটার বৃদ্ধি মানে ১৭% উপকূলীয় এলাকা প্লাবিত হবে।

২. মরুকরণ ও ভূমিক্ষয় (Desertification & Soil Erosion): মাটির উর্বরতা হারিয়ে তা ধীরে ধীরে মরুভূমিতে রূপ নেয়, এবং বৃষ্টিপাত বা বাতাসে মাটির উপরিভাগ ধুয়ে বা উড়ে গিয়ে ধ্বংস হয়ে যায়।

তথ্য:প্রতি বছর বিশ্বে ২৪ বিলিয়ন টন উর্বর মাটি হারিয়ে যায় (UNCCD)।

- ❖ *পৃথিবীর ১/৩ অংশ এখন মরুকরণের ঝুঁকিতে রয়েছে।*
- ❖ দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বিশেষ করে নওগাঁ, রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ এলাকায় মরুকরণের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে।
- ❖ FAO মতে, দেশের ২৭% মাটি এখন হ্রাসমান উর্বরতায় আক্রান্ত।



৩. ঘূর্ণিঝড় ও প্রাকৃতিক দুর্যোগের সংখ্যা বৃদ্ধি (Extreme Weather Events): জলবায়ু পরিবর্তনের কারণে ঘূর্ণিঝড়, তীব্র খরা, হিটওয়েভ, ভারি বর্ষণ এবং তুষারপাতের মতো দুর্যোগ আগের চেয়ে বেশি ঘন ঘন ও তীব্র হচ্ছে।

তথ্য:

- ❖ ১৯৮০-২০০০ এর তুলনায় এখন ঘূর্ণিঝড় ও বন্যার সংখ্যা দ্বিগুণ হয়েছে (UNDRR)।
- ❖ ১৯৭০ থেকে ২০১৯ পর্যন্ত প্রাকৃতিক দুর্যোগে বিশ্বব্যাপী ২০ লাখের বেশি মানুষ মারা গেছে (WMO, 2021)।
- ❖ প্রতি বছর গড়ে **১০টি বড় ধরনের প্রাকৃতিক দুর্যোগ** বাংলাদেশে আঘাত হানে।

- ২০০৭ সালের সিডর ও ২০২০ সালের আম্পানে প্রায় **৩৫ মিলিয়ন মানুষ** ক্ষতিগ্রস্ত হয়।
- বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে প্রতি দশকে ঘূর্ণিঝড়ের সংখ্যা বাড়ছে (World Bank, 2013)।

৪. বন উজাড় ও জীববৈচিত্র্য ধ্বংস (Deforestation & Biodiversity Loss): বন উজাড় এবং বাস্তুসংস্থান ধ্বংসের কারণে বিভিন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতি হারিয়ে যাচ্ছে, যা পরিবেশের ভারসাম্য ধ্বংস করছে।

তথ্য:

- প্রতিবছর বিশ্বে গড়ে **১ কোটি হেক্টর** বন কাটা হয় (FAO, 2020)।
- গত ৫০ বছরে পৃথিবীর **৭০% বন্যপ্রাণী হারিয়ে গেছে** (WWF Living Planet Report, 2022)।
- ১৯৯০ থেকে ২০২০ সালের মধ্যে বাংলাদেশে **১৬.৭% বনভূমি হ্রাস পেয়েছে**।
- সুন্দরবনে লবণাক্ততা বৃদ্ধির কারণে রয়েল বেঙ্গল টাইগারসহ ৩৪টি প্রজাতি বিপন্ন।
- হাওর অঞ্চলের পাখি ও জলজ প্রজাতির ওপরও ঝুঁকি বাড়ছে।



এই চারটি প্রাকৃতিক দুর্যোগ ও পরিবেশ পরিবর্তনের রূপ শুধু বাংলাদেশের জন্য নয়, বরং বিশ্বব্যাপী মানব সমাজ, অর্থনীতি এবং স্বাস্থ্যব্যবস্থার ওপরও গভীর প্রভাব ফেলছে। তাই জলবায়ু অভিযোজন, প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও পরিবেশ-বান্ধব নীতিমালা গ্রহণ এখন অত্যাবশ্যক।

জ্বালানি ও প্রযুক্তি

১. নবায়নযোগ্য জ্বালানি:

এই শক্তি আসে প্রকৃতির উৎস থেকে – যেমন সূর্য, বাতাস, পানি – যা পুনরায় ব্যবহারযোগ্য ও দূষণমুক্ত।

কিভাবে কাজ করে:

- সৌর প্যানেল সূর্যের আলোকে বিদ্যুতে রূপান্তর করে
- উইন্ড টারবাইন বাতাসের গতি ব্যবহার করে শক্তি উৎপন্ন করে।
- জলবিদ্যুৎ প্লান্ট নদী বা বাঁধের পানির স্রোত কাজে লাগায়।

তথ্য:

- ২০২৩ সালে বিশ্বে নবায়নযোগ্য শক্তি মোট বিদ্যুৎ উৎপাদনের **৩০%** অতিক্রম করেছে (IEA, 2023)
- চীনা একাই বিশ্ব নবায়নযোগ্য শক্তির ৪৩% উৎপাদন করছে
- বাংলাদেশে ২০২৩ পর্যন্ত নবায়নযোগ্য জ্বালানির মোট উৎপাদন সক্ষমতা ছিল **৮৬৪ মেগাওয়াট**, যার মধ্যে **৭৭% সৌর** (World Bank, 2023)
- সরকার ২০৪১ সালের মধ্যে **৪০% বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে** আনার লক্ষ্য নির্ধারণ করে।

২. গ্রিন টেকনোলজি (Green Technology):

এমন প্রযুক্তি যা পরিবেশে কম ক্ষতিকর, যেমন: দূষণ রোধ প্রযুক্তি, শক্তি দক্ষ যন্ত্র, ওয়েস্ট রিসাইক্লিং, এবং সবুজ নির্মাণ প্রযুক্তি।

কিভাবে কাজ করে:

- ❖ সোলার কুকার, স্মার্ট গ্রিড, বর্জ্য থেকে জ্বালানি তৈরি
- ❖ শিল্পখাতে ক্লিন টেক এবং উৎপাদন প্রক্রিয়ায় কম কার্বন নির্গমন

তথ্য:

- ❖ গ্লোবাল ক্লিন টেক বাজার ২০২৪ সালে $৫০০ বিলিয়ন ছাড়াবে বলে পূর্বাভাস (IEA & UNEP)
- ❖ ক্লিন টেক উদ্যোক্তাদের জন্য উন্নত দেশগুলো বছরে $৭৫ বিলিয়নের বেশি বিনিয়োগ করছে
- ❖ বাংলাদেশের ৩,৫০০ নারী উদ্যোক্তা গ্রিন টেক প্রজেক্টে কাজ করছে (WB Gender-Energy Report, 2017)
- ❖ সোলার হোম সিস্টেম প্রকল্পে **৬ মিলিয়নের বেশি পরিবার** বিদ্যুৎ পেয়েছে

৩. ইলেকট্রিক গাড়ি ও স্মার্ট ট্রান্সপোর্ট: (Electric Vehicles & Smart Transport): ইলেকট্রিক গাড়ি (EV) চালিত হয় ব্যাটারিতে ও নির্গমনহীন। স্মার্ট ট্রান্সপোর্ট হল পরিবহন ব্যবস্থায় IoT, AI, GPS ব্যবহারের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি।

কিভাবে কাজ করে:

- ❖ EV চার্জ হয় রিচার্জেবল ব্যাটারিতে
- ❖ ট্রাফিক নিয়ন্ত্রণ, রুট অপটিমাইজেশন ও দূষণ পর্যবেক্ষণে স্মার্ট সেন্সর ব্যবহার হয়

তথ্য:

- ❖ ২০২৩ সালে EV বিক্রির হার ছিল ১৪.১% (IEA Global EV Outlook, 2023)



- ❖ চীন, ইউরোপ ও যুক্তরাষ্ট্র মিলে ৯০% EV ব্যবহার করে
- ❖ বাংলাদেশে প্রায় **১০ লাখ ব্যাটারিচালিত রিকশা ও থ্রি-হুইলার** রয়েছে, যদিও এদের চার্জিং সিস্টেম অনিয়ন্ত্রিত

*সরকার EV-নীতিমালা (EV Policy Draft 2021) করছে, যাতে ২০৩০ সালের মধ্যে **২০% যানবাহন বিদ্যুৎচালিত** করার লক্ষ্য রয়েছে*



৪. স্মার্ট সিটি ও পরিবেশ ব্যবস্থাপনা (Smart Cities & Eco Urban Planning): প্রযুক্তিনির্ভর, সবুজ ও টেকসই নগর ব্যবস্থা যেখানে পরিবেশবান্ধব পরিকল্পনা ও দৃষ্টিভঙ্গি অনুসরণ করা হয়।

কিভাবে কাজ করে:

- সেন্সর ও ডেটার মাধ্যমে বর্জ্য, পানি, আলো, ও যানবাহনের পরিচালনা
- সবুজ স্থাপনা, ইকো-ফ্রেন্ডলি বিল্ডিং ও পাবলিক ট্রান্সপোর্ট ব্যবহার

তথ্য:


- ❖ ২০২৫ সালের মধ্যে স্মার্ট সিটি বাজারের পরিমাণ হবে $৮০৮ বিলিয়ন (Statista, 2023)
- ❖ সিঙ্গাপুর, টোকিও, আমস্টারডাম স্মার্ট নগর ব্যবস্থায় নেতৃত্ব দিচ্ছে
- ❖ RAJUK, DNCC, ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন 'স্মার্ট নগর' ধারণার অংশ হিসেবে **ডিজিটাল গৃহকর, ওয়েস্ট ট্র্যাকিং অ্যাপ** চালু করেছে
- ❖ "Amar Smart City" নামে বাংলাদেশ সরকার একটি দীর্ঘমেয়াদি ডিজিটাল নগর পরিকল্পনা নিচ্ছে

বাংলাদেশ নবায়নযোগ্য জ্বালানি ও গ্রিন টেক ব্যবহারে দ্রুত অগ্রসর হচ্ছে, তবে এখনো যথেষ্ট বিনিয়োগ, নীতিমালা বাস্তবায়ন ও জনসচেতনতা দরকার। বিশ্বব্যাপী প্রবণতা অনুসরণ করে আমাদের পরিবেশবান্ধব ভবিষ্যতের জন্য প্রস্তুত হতে হবে।

নৈতিকতা, শিক্ষা ও সচেতনতা

১. পরিবেশ শিক্ষার গুরুত্ব:

পরিবেশ সম্পর্কে মানুষের সচেতনতা ও জ্ঞান বাড়ানোর জন্য স্কুল, কলেজ ও সামাজিক শিক্ষার মাধ্যমে পরিবেশ শিক্ষা দেওয়া হয়। এটি পরিবেশ রক্ষা ও সচেতন আচরণ গড়ে তুলতে সহায়ক।



- ❖ শিক্ষার্থীদের পরিবেশ বিজ্ঞান, জলবায়ু পরিবর্তন, পুনঃব্যবহার ইত্যাদি বিষয়ে শেখানো হয়।
- ❖ ব্যবহারিক শিক্ষা ও প্রকৃতির সঙ্গে সংযোগ তৈরি করা হয় (স্কুল গার্ডেনিং)।

তথ্য:

- ❖ UNEP অনুযায়ী, ১৯৭৫ সালের পর থেকে ৭০টিরও বেশি দেশে পরিবেশ শিক্ষা বাধ্যতামূলক হয়েছে।
- ❖ UNESCO'র গ্লোবাল এডুকেশন মনিটরিং রিপোর্ট (2022) বলছে, ৪০% পাঠ্যক্রমে এখনো পরিবেশ বিষয়ে সঠিক অন্তর্ভুক্তি নেই।
- ❖ ২০১১ সালের শিক্ষানীতিতে পরিবেশ ও জলবায়ু বিষয়ে পাঠ্যক্রমে সংযোজন করা হয়।
- ❖ শিক্ষার্থীদের জন্য 'Green Club' গঠনের নির্দেশনা দেওয়া হয়েছে।

২. গ্লোবাল ইয়ুথ ক্লাইমেট মুভমেন্ট (Fridays for Future, Greta Thunberg): যুব সমাজের নেতৃত্বে পরিচালিত একটি বৈশ্বিক আন্দোলন যা জলবায়ু সংকট মোকাবিলায় জরুরি পদক্ষেপ চায়। এটি Greta Thunberg দ্বারা ২০১৮ সালে শুরু হয়।

- ❖ প্রতি শুক্রবার স্কুল থেকে বের হয়ে 'Climate Strike' আয়োজন করা হয়
- ❖ সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারণা, সরকারকে চাপ, পরিবেশ আইন দাবি

তথ্য:

- ❖ Fridays for Future এর আওতায় ৭,৫০০+ শহরে ২০২৩ পর্যন্ত বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে।
- ❖ Greta Thunberg একাধিকবার UN Climate Summit-এ বক্তৃতা দিয়েছেন।
- ❖ 'YouthNet for Climate Justice' ও 'Green Savers' এর মতো সংগঠন দেশব্যাপী কাজ করছে
- ❖ ২০২০ সালে সারা দেশে একযোগে "Climate Justice March" হয়

৩. COP সম্মেলন (COP Summits, COP28): COP (Conference of the Parties) হল জলবায়ু পরিবর্তন নিয়ে UN-এর বার্ষিক সম্মেলন, যেখানে বিশ্বনেতারা পরিবেশ রক্ষায় সিদ্ধান্ত গ্রহণ করেন।

- কার্বন নির্গমন সীমা নির্ধারণ
- ধনী দেশগুলোর অর্থায়নের প্রতিশ্রুতি
- পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার

তথ্য (COP28 – UAE, 2023):

- ইতিহাসে প্রথমবারের মতো COP28-এ "Fossil Fuel Phase-out" নিয়ে আনুষ্ঠানিক ঘোষণা হয়
- Loss and Damage Fund চালু হয় জলবায়ু-আঘাতপ্রাপ্ত দেশগুলোর জন্য
- বাংলাদেশ "Climate Vulnerable Forum" (CVF)-এর অন্যতম নেতৃত্বদানকারী দেশ
- COP28-এ বাংলাদেশ জলবায়ু অর্থায়ন সহজীকরণ ও টেকসই অভিযোজনের জন্য দাবি তোলে

৪. গ্রীন ফাইনান্স ও ইনভেস্টমেন্ট (Green Finance & ESG): যেসব বিনিয়োগ পরিবেশবান্ধব প্রকল্পে হয়, যেমন: নবায়নযোগ্য শক্তি, বর্জ্য ব্যবস্থাপনা, ইকো-ইনফ্রাস্ট্রাকচার—তাকে Green Finance বলে। ESG মানে: Environmental, Social, Governance — বিনিয়োগের মূল্যায়ন মানদণ্ড।

- গ্রীন বন্ড, কার্বন ক্রেডিট, গ্রীন ব্যাংকিং ব্যবস্থা
- বড় কোম্পানিগুলো ESG রিপোর্টিং করে



তথ্য:

- ২০২৩ সালে গ্লোবাল গ্রীন বন্ড মার্কেটের পরিমাণ $৫০০ বিলিয়নের বেশি
- ১০০টিরও বেশি দেশ এখন 'Sustainable Finance Guidelines' অনুসরণ করছে
- বাংলাদেশ ব্যাংক ২০১১ সালে প্রথম 'Green Banking Guidelines' চালু করে
- ২০২১-২২ অর্থবছরে **২,৭০০ কোটি টাকার বেশি** গ্রীন ফাইনান্সিং হয়েছে
- ৯০টি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান গ্রীন পোর্টফোলিও তৈরি করেছে

নৈতিকতা, শিক্ষা, যুব অংশগ্রহণ ও আর্থিক বিনিয়োগ – এই চারটি স্তম্ভের মাধ্যমে পরিবেশ সংরক্ষণ আরও শক্তিশালী হয়। COP সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন, ESG ভিত্তিক ফাইনান্স, ও শিক্ষার সম্প্রসারণ ছাড়া টেকসই ভবিষ্যৎ সম্ভব নয়।



জলবায়ু পরিবর্তন ও পরিবেশ বিষয়ক টপিকগুলোর বিস্তারিত বিশ্লেষণ

১. জলবায়ু পরিবর্তন (Climate Change)

কি: জলবায়ু পরিবর্তন হচ্ছে দীর্ঘ সময় ধরে পৃথিবীর আবহাওয়ার গড় অবস্থা পরিবর্তিত হওয়া, যা প্রাকৃতিক কারণ বা মানবসৃষ্ট গ্যাস নির্গমনের কারণে হয়।
কিভাবে কাজ করে: অতিরিক্ত **গ্রিনহাউজ গ্যাস** (যেমন: CO_2, মিথেন) বায়ুমণ্ডলে জমে গিয়ে সৌর তাপ আটকে রাখে, ফলে গড় তাপমাত্রা বাড়ে।
কেন গুরুত্বপূর্ণ: এটি বরফ গলানো, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, খরা, বন্যা ও প্রাকৃতিক দুর্যোগ বৃদ্ধির কারণ। এটি মানুষের স্বাস্থ্য, কৃষি ও বাস্তুসংস্থানে ভয়াবহ প্রভাব ফেলছে।

২. গ্লোবাল ওয়ার্মিং (Global Warming)

কি: এটি জলবায়ু পরিবর্তনের একটি অংশ, যেখানে পৃথিবীর গড় তাপমাত্রা বৃদ্ধি পায়।
কিভাবে কাজ করে: শিল্পায়ন, বন নিধন, জ্বালানির পোড়ানো ইত্যাদি কাজ থেকে যে গ্যাস নির্গত হয় তা পৃথিবীর তাপ ধরে রাখে।
কেন গুরুত্বপূর্ণ: গ্লোবাল ওয়ার্মিংয়ের কারণে গ্রীষ্ম দীর্ঘতর হচ্ছে, সাগরের স্তর বাড়ছে এবং পৃথিবীর প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে।

৩. কার্বন ফুটপ্রিন্ট (Carbon Footprint)

কি: আমরা দৈনন্দিন জীবনে যে কাজগুলো করি (যেমন: গাড়ি চালানো, প্লেন যাত্রা, মাংস খাওয়া, বিদ্যুৎ ব্যবহার), তার মাধ্যমে নির্গত গ্যাসের পরিমাণকে কার্বন ফুটপ্রিন্ট বলে।

কিভাবে কাজ করে: সব কাজ মিলে CO_2 এর নির্গমন হিসাব করা হয় ব্যক্তি, প্রতিষ্ঠান বা দেশের ভিত্তিতে।

কেন গুরুত্বপূর্ণ: এটি বোঝায় আমরা পরিবেশের উপর কতটা চাপ সৃষ্টি করছি এবং কীভাবে তা কমানো যায়।



৪. জলবায়ু ন্যায়বিচার (Climate Justice)

কি: জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলো দরিদ্র ও অনুন্নত দেশগুলো বেশি সহ্য করে, যদিও তারা গ্লোবাল এমিশনে খুব কম অবদান রাখে।

কিভাবে কাজ করে: জলবায়ু নীতি ও আন্তর্জাতিক আলোচনা যেন উন্নয়নশীল দেশের ন্যায্যতা রক্ষা করে সেই দাবি প্রতিষ্ঠা করে।

কেন গুরুত্বপূর্ণ: এটি সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত ন্যায়ের প্রশ্ন তুলে ধরে।

৫. জলবায়ু অভিবাসী (Climate Induced Migrant)

কি: জলবায়ু পরিবর্তনের ফলে (যেমন: বন্যা, খরা, ঘূর্ণিঝড়) যারা তাদের বসতি হারিয়ে অন্যত্র স্থানান্তরিত হয়, তারা জলবায়ু অভিবাসী ।

কিভাবে কাজ করে: প্রাকৃতিক দুর্যোগ বাড়ার ফলে বহু মানুষ তাদের ঘর-বাড়ি ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হয়।

কেন গুরুত্বপূর্ণ: এটি মানবাধিকার, অভিবাসন আইন এবং খাদ্য ও নিরাপত্তার ক্ষেত্রে বড় চ্যালেঞ্জ।

৬. গ্রিনহাউজ গ্যাস (Greenhouse Gas)

কি: এই গ্যাসগুলো (যেমন: কার্বন ডাইঅক্সাইড, মিথেন, নাইট্রাস অক্সাইড) বায়ুমণ্ডলে থেকে সূর্যের তাপ আটকে রাখে।

কিভাবে কাজ করে: সূর্য থেকে আসা আলো পৃথিবীতে তাপ উৎপন্ন করে, এই গ্যাসগুলো সেই তাপকে আবার বাইরে যেতে বাধা দেয়।

কেন গুরুত্বপূর্ণ: এদের অতিরিক্ত উপস্থিতি গ্লোবাল ওয়ার্মিংয়ের প্রধান কারণ।

৭. নবায়নযোগ্য জ্বালানি (Renewable Energy)

কি: এমন শক্তি যা প্রাকৃতিক উৎস (সূর্য, বাতাস, পানি, বায়োগ্যাস) থেকে আসে এবং পুনরায় ব্যবহারযোগ্য।

কিভাবে কাজ করে: সৌর প্যানেল, উইন্ড টারবাইন, হাইড্রোপাওয়ার প্লান্ট এসব উৎস থেকে বিদ্যুৎ উৎপাদন হয়।

কেন গুরুত্বপূর্ণ: এটি ফসিল ফুয়েল (জ্বালানি তেল, কয়লা) নির্ভরতা কমায় এবং দূষণহীন ভবিষ্যৎ গড়ে তোলে।



৮. জিরো ওয়েস্ট মুভমেন্ট (Zero Waste Movement)

কি: এমন একটি জীবনধারা যেখানে যতটা সম্ভব বর্জ্য তৈরি করা হয় না, বরং পুনঃব্যবহার ও পুনঃচক্রায়ন করা হয়।

কিভাবে কাজ করে: রিসাইকেল, কম্পোস্টিং, রিফিউজ (না বলা), রিডিউস, রিইউজ—এই ৫R নীতির মাধ্যমে।

কেন গুরুত্বপূর্ণ: এটি আমাদের পরিবেশে জমে থাকা প্লাস্টিক ও বিষাক্ত বর্জ্য কমিয়ে দেয়।

৯. প্লাস্টিক দূষণ (Plastic Pollution)

কি: ব্যবহৃত প্লাস্টিক সামগ্রী ঠিকমতো নিষ্পত্তি না হওয়ায় পরিবেশে জমে গিয়ে জলজ প্রাণী ও মাটির জন্য ক্ষতিকর হয়ে ওঠে।

কিভাবে কাজ করে: প্লাস্টিক টুকরো হয়ে মাইক্রোপ্লাস্টিকে পরিণত হয়, যা পানিতে ও খাদ্যচক্রে ঢুকে পড়ে।

কেন গুরুত্বপূর্ণ: মানবস্বাস্থ্য, সাগর এবং জলজ জীবন ব্যাপক হুমকির মুখে পড়ে।

টেকসইতা ও পুনঃব্যবহার: পরিবেশের জন্য ভবিষ্যত পরিকল্পনা

১. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals - SDGs)

কি: জাতিসংঘ কর্তৃক নির্ধারিত ১৭টি বৈশ্বিক লক্ষ্য, যা ২০৩০ সালের মধ্যে পৃথিবীকে আরও শান্তিপূর্ণ, সমৃদ্ধ ও টেকসই করে তোলার লক্ষ্যে নির্ধারিত।



কিভাবে কাজ করে: দারিদ্র্য হ্রাস, শিক্ষা ও স্বাস্থ্য উন্নয়ন, জলবায়ু কর্ম, পরিবেশ সুরক্ষা, লিঙ্গ সমতা ইত্যাদি নিয়ে কাজ করে।

কেন গুরুত্বপূর্ণ: এটি একটি বৈশ্বিক রোডম্যাপ যা সকল দেশের জন্য সমতা ও উন্নয়নের পথ নির্দেশ করে।



২. সার্কুলার ইকোনমি (Circular Economy)

কি: একটি অর্থনৈতিক মডেল যেখানে পণ্য তৈরি, ব্যবহার এবং পুনঃব্যবহার এমনভাবে করা হয় যাতে বর্জ্য তৈরি না হয়।

কিভাবে কাজ করে: Reuse (পুনঃব্যবহার), Recycle (পুনঃচক্রায়ন), Remanufacture (পুনঃউৎপাদন) – এই ধারায় সম্পদকে যতবার সম্ভব কাজে লাগানো হয়।

কেন গুরুত্বপূর্ণ: এটি প্রাকৃতিক সম্পদের অপচয় রোধ করে এবং পরিবেশে চাপ কমায়।

৩. জিরো ওয়েস্ট মুভমেন্ট (Zero Waste Movement)

কি: এমন একটি জীবনধারা যেখানে ব্যক্তি বা প্রতিষ্ঠান চেষ্টা করে যত কম বর্জ্য সম্ভব তৈরি করতে।

কিভাবে কাজ করে: Refuse (না বলা), Reduce (কম ব্যবহার), Reuse, Recycle ও Rot (কম্পোস্ট) – এই ৫R নিয়ম অনুসরণ করে।

কেন গুরুত্বপূর্ণ: এটি বর্জ্য ব্যবস্থাপনার আধুনিক ও সচেতন পদ্ধতি, যা প্লাস্টিক দূষণ ও ল্যান্ডফিল কমায়।



৪. পরিবেশবান্ধব কৃষি (Sustainable Agriculture)

কি: এমন কৃষিপদ্ধতি যা পরিবেশ, অর্থনীতি ও সমাজের জন্য দীর্ঘমেয়াদে উপযোগী।

কিভাবে কাজ করে: কীটনাশক কম ব্যবহার, জৈব সার প্রয়োগ, জল সংরক্ষণ, ফসলের বৈচিত্র্য রক্ষা ইত্যাদি চর্চার মাধ্যমে।

কেন গুরুত্বপূর্ণ: এটি মাটি, পানি ও জীববৈচিত্র্য সংরক্ষণ করে এবং কৃষকের জন্য দীর্ঘমেয়াদি লাভজনক কৃষি নিশ্চিত করে।

৫. ইকো-ফ্রেন্ডলি পণ্য ও গ্রীন মার্কেটিং (Green Products & Eco Branding)

কি: এমন পণ্য যেগুলো পরিবেশবান্ধব উপায়ে উৎপাদিত ও প্যাকেজকৃত, এবং যেগুলো পরিবেশে কম ক্ষতি করে।

কিভাবে কাজ করে: পুনর্ব্যবহারযোগ্য উপাদান, বায়োডিগ্রেডেবল প্যাকেজিং, কার্বন-নিউট্রাল উৎপাদন ইত্যাদির মাধ্যমে। কেন গুরুত্বপূর্ণ: ভোক্তা আজ সচেতন—তারা পরিবেশের কথা ভাবা ব্র্যান্ড ও পণ্যকে অগ্রাধিকার দেয়। এটি বাজারে ইতিবাচক প্রভাব ফেলে।

বাংলাদেশের জন্য জলবায়ু পরিবর্তনের ঝুঁকিসমূহ

বাংলাদেশ পৃথিবীর অন্যতম জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশ। আমরা ছোট ভূখণ্ডে ঘনবসতিপূর্ণ এবং সমুদ্রপৃষ্ঠ থেকে অনেকটাই নিচু। প্রতি বছর ঘূর্ণিঝড়, বন্যা ও নদীভাঙনের কারণে হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হন। জলবায়ু পরিবর্তনের কারণে:

২০৫০ সালের মধ্যে বাংলাদেশে **১ কোটি ৩৩ লক্ষ মানুষ** জলবায়ু উদ্বাস্তু হতে পারে (World Bank, 2021)।

দক্ষিণ-পশ্চিমাঞ্চলে লবণাক্ততা বাড়ছে, ফলে পানযোগ্য পানি ও কৃষিকাজ হুমকির মুখে।

উত্তরাঞ্চলে খরা ও দক্ষিণাঞ্চলে অতিবৃষ্টি কৃষিপ্রধান এলাকায় আয় কমাচ্ছে।

ঢাকার মতো শহরে তীব্র গরম ও জলাবদ্ধতা শ্রমিকদের কাজের পরিবেশকে বিষময় করে তুলছে।

শ্রমজীবী মানুষদের উপর প্রভাব

- জলবায়ু সংকট শ্রমজীবী জনগণের ওপর সরাসরি ও পরোক্ষভাবে মারাত্মক প্রভাব ফেলছে:
- **স্বাস্থ্য ঝুঁকি:** অতিরিক্ত গরমে হিট স্ট্রোক, ডিহাইড্রেশন; ঠান্ডা ও ধুলার কারণে শ্বাসকষ্ট বৃদ্ধি পাচ্ছে।
- **আয়ের অনিশ্চয়তা:** প্রাকৃতিক দুর্যোগের কারণে কারখানা বন্ধ, উৎপাদন ব্যাহত, দিনমজুরি ও ওভারটাইম কমে যাচ্ছে।
- **বাসস্থানের অনিরাপত্তা:** জলাবদ্ধতা বা বন্যায় শ্রমিক কলোনি ক্ষতিগ্রস্ত হয়; ভাড়া বাড়ে, নিরাপত্তা কমে।
- **মনস্তাত্ত্বিক চাপ:** বাড়িতে পরিবার বন্যা বা ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত হলে শ্রমিকদের মানসিক চাপ বেড়ে যায়।
- **মাইগ্রেশন:** অনেকে গ্রাম ছেড়ে শহরে আসতে বাধ্য হন, কিন্তু শহরেও কাজ পাওয়া কঠিন হয়।
- এই সব প্রভাব মিলেই প্রমাণ করে যে, জলবায়ু পরিবর্তন কেবল পরিবেশগত বিষয় নয়—এটি **শ্রম ও সামাজিক ন্যায্যতার** বিষয়।



ধরুন, একটি পুরোনো কারখানায় বহু শ্রমিক কাজ করতেন। এখন সরকার বলল, এই কারখানায় পরিবেশ দূষণ হচ্ছে, তাই এটি বন্ধ করে দেওয়া হবে। কিন্তু কোনো বিকল্প কাজের ব্যবস্থা নেই, না আছে প্রশিক্ষণ বা ক্ষতিপূরণ। তখন কী হয়? শ্রমিকরা কাজ হারান, পরিবার চালাতে হিমশিম খান, আর উন্নয়নের ফলটা শুধু কিছু বড় প্রতিষ্ঠানের হাতে চলে যায়। এই রকম পরিস্থিতি এড়াতেই **'জাস্ট ট্রানজিশন'** বা **জাস্ট ট্রানজিশন** ধারণাটি গুরুত্বপূর্ণ হয়ে উঠে।

জাস্ট ট্রানজিশন বলতে বোঝায় এমন একটি রূপান্তর প্রক্রিয়া—যেখানে শ্রমিকদের অধিকার, জীবিকা ও মর্যাদা রক্ষা করে পরিবেশবান্ধব ও টেকসই সমাজে উত্তরণ ঘটে। সহজ করে বললে: "পরিবেশ রক্ষা করতে গিয়ে যেন খেটে খাওয়া মানুষ ক্ষতির মুখে না পড়ে।"

জাতিসংঘের মতে, জলবায়ু পরিবর্তনের কারণে কর্মসংস্থান ও জীবিকা পরিবর্তন হবেই। কিন্তু এই পরিবর্তন যেন হয় **সমতার ভিত্তিতে**, যেখানে কেউ পিছিয়ে না পড়ে।



জাস্ট ট্রানজিশন কেন গুরুত্বপূর্ণ?

বিশ্বে প্রায় ১.২ বিলিয়ন মানুষ জলবায়ু পরিবর্তনের কারণে তাদের চাকরি হারানোর ঝুঁকিতে আছেন (ILO, 2021)।

২০৩০ সালের মধ্যে সবুজ অর্থনীতিতে ১০ কোটি নতুন চাকরি তৈরি হতে পারে, কিন্তু পুরোনো খাতে অনেক চাকরি হারাবে।

এই রূপান্তরে যদি শ্রমিকদের প্রশিক্ষণ, সামাজিক সুরক্ষা ও অংশগ্রহণ না থাকে, তাহলে এটি অন্যায় রূপান্তর হবে।

শ্রমিকদের জন্য কেন জরুরি?

জাস্ট ট্রানজিশনের মূলে আছে শ্রমজীবী মানুষের কথা। পোশাক, চামড়া, নির্মাণ, কৃষি—এসব খাতে কাজ করা মানুষের জীবিকা ও নিরাপত্তা নিশ্চিত না করলে "সবুজ উন্নয়ন" হবে কাগজে-কলমে, বাস্তবে নয়।

শ্রমিকরা যেন নতুন প্রযুক্তির যুগে পিছিয়ে না পড়ে, তার জন্য প্রশিক্ষণ দরকার

যে এলাকা বা খাতে পরিবেশগত কারণে পরিবর্তন আসছে, সেখানকার শ্রমিকদের বিকল্প জীবিকা প্রয়োজন



ট্রেড ইউনিয়ন ও শ্রমিক সংগঠনগুলোকে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়ায় সম্পৃক্ত করতে হবে

জলবায়ু পরিবর্তন মোকাবেলায় পরিবেশবান্ধব উদ্যোগ অবশ্যই দরকার। কিন্তু সেটা যেন কারও জীবিকা কেড়ে না নেয়। "জাস্ট ট্রানজিশন" মানে হলো—উন্নয়ন হবে, পরিবেশ রক্ষা হবে, **কিন্তু সেটা হবে ন্যায়বিচারের ভিত্তিতে**, যেখানে **শ্রমিকরাও অংশীদার**, কেবল ভুক্তভোগী নয়।

ইতিহাস ও আন্তর্জাতিক প্রেক্ষাপট

(ILO, COP এবং বিশ্বজুড়ে 'জাস্ট ট্রানজিশন'-এর গল্প)

"আমরা পরিবেশ রক্ষা করতে চাই, কিন্তু আমাদের কাজ কে বাঁচাবে?"

এই প্রশ্নটা প্রথম জোরে উঠেছিল ১৯৭০-এর দশকে, যখন ইউরোপ ও উত্তর আমেরিকায় বড় বড় কারখানাগুলো বন্ধ হতে শুরু করে পরিবেশ দূষণের কারণে। হাজার হাজার শ্রমিক তখন

চাকরি হারিয়ে রাস্তায়। তখন শ্রমিক সংগঠনগুলো বলেছিল—"সবুজ উন্নয়ন" যদি শ্রমিকদের কাজ কেড়ে নেয়, তাহলে সেটি তো উন্নয়ন নয়, বরং অন্যায়।

এই আন্দোলন থেকেই জন্ম নেয় 'Just Transition' ধারণা।

শ্রমিক আন্দোলন থেকে আন্তর্জাতিক পর্যায়ে

সত্তরের দশকে কানাডার ইউনিয়ন সংগঠন "Canadian Labour Congress" ও যুক্তরাষ্ট্রের "Oil, Chemical and Atomic Workers Union" প্রথম এই ন্যায্য রূপান্তরের কথা বলতে শুরু করে। তাদের দাবি ছিল: "পরিবেশ রক্ষা দরকার, কিন্তু সেটি যেন শ্রমিকের কাজ ও জীবনকে বিপন্ন না করে।"

এরপর সময় গড়ায়, জলবায়ু সংকট বেড়ে যায়—বিশ্বজুড়ে শুরু হয় বড় বড় সম্মেলন। আর সেখানেই জায়গা করে নেয় 'জাস্ট ট্রানজিশন'।

International Labour Organization

আন্তর্জাতিক শ্রম সংস্থা ও জাস্ট ট্রানজিশন

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) ২০১৫ সালে 'Just Transition Guidelines' প্রকাশ করে। এটি ছিল একটি যুগান্তকারী পদক্ষেপ। এই নীতিমালায় বলা হয়—

"জলবায়ু পরিবর্তন মোকাবেলায় এমন ট্রানজিশন দরকার, যা হবে সামাজিক ন্যায়বিচারভিত্তিক, যেখানে শ্রমিকদের কর্মসংস্থান, অধিকার ও অংশগ্রহণ নিশ্চিত করা হবে।"

ILO এর মতে, সবুজ অর্থনীতির দিকে এগিয়ে যাওয়ার সময় ৯টি মূল দিক খেয়াল রাখতে হবে—এর মধ্যে গুরুত্বপূর্ণ হলো:

- ❖ কর্মসংস্থান সৃষ্টি
- ❖ সামাজিক সংলাপ
- ❖ সামাজিক সুরক্ষা
- ❖ প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন
- ❖ নীতিনির্ধারণে শ্রমিকদের অংশগ্রহণ

কপ সম্মেলনে জাস্ট ট্রানজিশনের গুরুত্ব

জাতিসংঘের জলবায়ু সম্মেলন বা COP (Conference of Parties) হলো বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ জলবায়ু আলোচনা প্ল্যাটফর্ম।

COP21 (প্যারিস, ২০১৫): এই সম্মেলনেই প্রথম 'জাস্ট ট্রানজিশন' শব্দটি প্যারিস চুক্তির ভূমিকা অংশে স্থান পায়। সেখানে বলা হয়—

"মানবাধিকার ও শ্রমিকের অধিকার রক্ষা করে, জাস্ট ট্রানজিশন প্রক্রিয়ার মাধ্যমে পরিবেশগত ভারসাম্য নিশ্চিত করতে হবে।"

COP26 (গ্লাসগো, ২০২১): 'Just Transition Declaration'-এ ৩০টি দেশ সই করে। এতে বলা হয়—যেসব খাতে পরিবর্তন আসছে (যেমন: কয়লা, গ্যাস, তেল) সেগুলোর শ্রমিকদের জন্য **পুনঃপ্রশিক্ষণ, নিরাপত্তা, বিকল্প কাজ** ও **স্থানীয় উন্নয়ন** নিশ্চিত করতে হবে।

আন্তর্জাতিক সহযোগিতা ও ট্রেড ইউনিয়ন ভূমিকা

বিশ্বজুড়ে অনেক ট্রেড ইউনিয়ন, যেমন: ITUC (International Trade Union Confederation), TUED (Trade Unions for Energy Democracy), 'জাস্ট ট্রানজিশন'-এর দাবিতে সক্রিয়। তারা বলে—

"আমরা পরিবেশ রক্ষা চাই, কিন্তু সেই পথে যেন কেউ পিছিয়ে না পড়ে।"



জাস্ট ট্রানজিশনের নীতিমালা ও মূলনীতি

(যেন কেউ পিছিয়ে না পড়ে)

ধরুন, একটা গ্রামের সবাই কৃষিকাজ করে। হঠাৎ সরকার বলে—"এখন থেকে আর ধান চাষ হবে না, এখানে হবে সোলার প্ল্যান্ট।"
শুনতে ভালো লাগছে? হয়তো হ্যাঁ।
কিন্তু গ্রামের সেই কৃষকদের কী হবে?
যদি তাদের বিকল্প কাজ না মেলে, যদি তাদের কেউ বোঝায় না—তাহলে এই পরিবর্তন ন্যায্য হলো কি?

ঠিক এই কারণেই "Just Transition" বা **জাস্ট ট্রানজিশন** তখনই সার্থক, যখন তা **নীতির ভিত্তিতে, সমতা ও সহানুভূতির সঙ্গে** হয়।


কেন নীতিমালা দরকার?

পরিবেশ রক্ষার জন্য যখন বিদ্যুৎ, শিল্প বা কৃষি খাতে বড় পরিবর্তন আসে, তখন অনেকের চাকরি, জীবনযাপন, অভ্যাস বদলাতে হয়। এক্ষেত্রে যদি **সরকার, শ্রমিক, মালিক ও নাগরিক সমাজ** একসঙ্গে না চলে, তাহলে উন্নয়ন হবে একপাক্ষিক।

ILO-র ৯টি মূলনীতি (2015 Guidelines অনুযায়ী)

আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) ২০১৫ সালে যে নীতিমালা তৈরি করে, তাতে বলা হয়—ন্যায্য রূপান্তরের জন্য ৯টি মূল উপাদান মানা জরুরি। এগুলো হলো:

- ❖ **সামাজিক সংলাপ** (Social Dialogue): শ্রমিক, মালিক ও সরকারের মধ্যে খোলামেলা আলোচনা।
- ❖ **সামাজিক সুরক্ষা** (Social Protection): কাজ হারালে বিকল্প সহায়তা, স্বাস্থ্য ও পেনশন নিশ্চয়তা।
- ❖ **নতুন কাজ সৃষ্টি (Employment Creation):** সবুজ অর্থনীতিতে নতুন চাকরি তৈরি।
- ❖ **প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন** (Skills & Training): নতুন প্রযুক্তির সঙ্গে মানিয়ে নিতে শ্রমিকদের প্রশিক্ষণ।
- ❖ **সঠিক নীতিনির্ধারণ** (Policy Coherence): পরিবেশ, অর্থনীতি ও শ্রমনীতির মধ্যে সমন্বয়।
- ❖ **সমতা ও অন্তর্ভুক্তি** (Equity & Inclusion): নারীরা, গ্রামীণ মানুষ, হরিজন, প্রান্তিক জনগোষ্ঠী যেন বাদ না পড়ে।
- ❖ **উৎপাদনশীলতা ও ন্যায্য মজুরি** (Decent Work): কাজ শুধু থাকলেই চলবে না—তা হতে হবে মর্যাদাপূর্ণ ও ন্যায্য।
- ❖ **স্থানীয় উন্নয়ন ও অংশগ্রহণ** (Local Development): পরিবেশগত রূপান্তরে স্থানীয় মানুষের মতামত ও অংশগ্রহণ নিশ্চিত।
- ❖ **টেকসই পরিবেশনীতি** (Environmental Sustainability): যেকোনো উন্নয়ন হবে পরিবেশবান্ধব ও ভবিষ্যতপ্রজন্মের জন্য নিরাপদ।



উপাদানগুলো এক নজরে:

উপাদান / মূলনীতি	ব্যাখ্যা
সামাজিক সংলাপ	শ্রমিক-মালিক-সরকার একসাথে সিদ্ধান্ত নেওয়া
সামাজিক সুরক্ষা	কাজ হারালে সহায়তা ও নিরাপত্তা
কর্মসংস্থান সৃষ্টি	নতুন খাতে চাকরি তৈরি
প্রশিক্ষণ ও দক্ষতা	নতুন প্রযুক্তিতে কাজের যোগ্যতা তৈরি
নীতিমালার সমন্বয়	পরিবেশ-শ্রম-অর্থনীতির সংহতি
অন্তর্ভুক্তি ও সমতা	নারী, প্রান্তিক জনগোষ্ঠীর অংশগ্রহণ
মর্যাদাপূর্ণ কাজ	ন্যায্য মজুরি ও নিরাপদ কাজ
স্থানীয় উন্নয়ন	স্থানীয় সিদ্ধান্তে স্থানীয় মানুষের ভূমিকা
পরিবেশগত টেকসইতা	দীর্ঘমেয়াদি, পরিবেশবান্ধব পদ্ধতি

জাস্ট ট্রানজিশন: জলবায়ু ন্যায্যতার রূপরেখা

জাস্ট ট্রানজিশন কী?

"Just Transition" বা "**ন্যায়সংগত রূপান্তর**" অথবা জাস্ট ট্রানজিশন হলো এমন একটি সামাজিক ও রাজনৈতিক পদ্ধতি, যেখানে **জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই** করতে গিয়ে কর্মসংস্থান, জীবিকা ও সামাজিক নিরাপত্তা যেন ক্ষতিগ্রস্ত না হয়—তা নিশ্চিত করা হয়।

জলবায়ুর জন্য পরিবর্তন জরুরি—
কিন্তু এই পরিবর্তনের ফলে যেন
কেউ পিছিয়ে না পড়ে।

কীভাবে কাজ করে?

জাস্ট ট্রানজিশন মূলত কাজ করে ৩টি স্তরে:

১. শ্রমজীবী জনগণের অধিকার রক্ষা

২. পরিবেশবান্ধব শিল্পায়ন ও কর্মসংস্থান গড়ে তোলা

৩. অসহায় ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সুরক্ষা ব্যবস্থা রাখা

উদাহরণ:


❖ কয়লা বা পোড়ানো জ্বালানির কারখানা বন্ধ হলে কর্মীদের **পুনঃপ্রশিক্ষণ ও নতুন চাকরির সুযোগ**

❖ গ্রামের কৃষকদের **জৈব কৃষিতে সহায়তা ও ভর্তুকি**

❖ নারীদের জন্য **গ্রিন স্কিল ট্রেনিং প্রোগ্রাম**

ইতিহাস ও প্রেক্ষাপট

❖ ১৯৭০-৮০-এর দশকে **উত্তর আমেরিকার ট্রেড ইউনিয়ন** প্রথম “Just Transition” শব্দটি ব্যবহার করে।



❖ ২০১৫ সালে **প্যারিস চুক্তি**-তে এটি প্রথমবার আন্তর্জাতিকভাবে স্বীকৃত হয়।

❖ ILO (International Labour Organization) ২০১৫ সালে Just Transition Guidelines প্রকাশ করে।

মূলনীতি

❖ পরিবেশ সুরক্ষা ও অর্থনৈতিক উন্নয়ন একসঙ্গে

❖ চাকরি হারালে নতুন সুযোগ তৈরি

❖ স্থানীয় মানুষদের সিদ্ধান্তে অংশগ্রহণ

❖ নারী, দরিদ্র, উপজাতি ও দুর্বল জনগোষ্ঠীর অধিকার সংরক্ষণ

❖ আগামী প্রজন্মের জন্য বাসযোগ্য পৃথিবী নিশ্চিত করা

বৈশ্বিক প্রেক্ষাপট

❖ **স্পেন:** ২০১৯ সালে স্পেন **সব কয়লা খনি বন্ধ করে;** কর্মীদের জন্য পুনঃপ্রশিক্ষণ ও পেনশন দেয়।

❖ **দক্ষিণ আফ্রিকা: $৮.৫ বিলিয়ন** ডলারের Just Transition ফান্ড ঘোষণা—বিদ্যুৎ ও কয়লা খাত থেকে সবুজ জ্বালানিতে রূপান্তরের জন্য।

❖ **কানাডা:** এখানে আদিবাসী ও জ্বালানিখাতের কর্মীদের জন্য জাস্ট ট্রানজিশন নীতি প্রণয়ন করা হয়।

২০২৩ সালে **World Bank** পরামর্শ দিয়েছে: "বাংলাদেশে Just Transition বাস্তবায়নের জন্য **একটি আলাদা অর্থায়ন তহবিল (Just Transition Fund)** গঠন করা উচিত।"

বাংলাদেশের প্রেক্ষাপট

বাংলাদেশে অনেক খাতই রয়েছে যেখানে জাস্ট ট্রানজিশন বাস্তবায়ন অত্যন্ত জরুরি:

সেক্টর	ঝুঁকি	সম্ভাব্য পদক্ষেপ
গার্মেন্টস	বিদেশি ক্রেতাদের গ্রিন স্ট্যান্ডার্ডের চাপ	শ্রমিকদের জন্য গ্রিন স্কিল প্রশিক্ষণ
কয়লাভিত্তিক বিদ্যুৎ	ধীরে ধীরে বন্ধ হয়ে যাচ্ছে	কর্মীদের নতুন প্রযুক্তিতে রিস্কিল
শিপব্রেকিং	পরিবেশ ও স্বাস্থ্য ঝুঁকি	স্বাস্থ্য সুরক্ষা, বিকল্প কর্মসংস্থান
তামাক ও ট্যানারি	উচ্চ দূষণ, কম প্রযুক্তি	পরিবেশবান্ধব প্রযুক্তি ও নীতিমালা প্রয়োগ

পর্যবেক্ষণ ও ফলাফল

❖ ২০২৩ সালের COP28 সম্মেলনে 'Just Transition' ছিল আলোচনার অন্যতম প্রধান বিষয়।

❖ Climate Vulnerable Forum (CVF) সদস্য দেশ হিসেবে **বাংলাদেশ** এ বিষয়টি জোরালোভাবে উত্থাপন করেছে।



কেন গ্রীন ফাইন্যান্স-এর সঙ্গে যুক্ত?

জাস্ট ট্রানজিশন -এর অর্থ শুধু রূপান্তর নয়—**আর্থিকভাবে সহায়ক রূপান্তর**।

- ❖ গ্রীন ইনভেস্টমেন্টে জনগণের অংশগ্রহণ বাড়াতে হবে
- ❖ ESG (Environment, Social, Governance) ভিত্তিক ব্যবসা-বিনিয়োগ করতে হবে
- ❖ Green Bonds ও জলবায়ু তহবিল ব্যবহারে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে

একটি কার্যকর জাস্ট ট্রানজিশন -এর উপাদানসমূহ

- ❖ জনগণের অংশগ্রহণ
- ❖ কর্মসংস্থান সুরক্ষা
- ❖ নারী ও তরুণদের ক্ষমতায়ন
- ❖ প্রযুক্তির উন্নয়ন
- ❖ ন্যায্য ও স্বচ্ছ অর্থায়ন
- ❖ জলবায়ু সহনশীল অবকাঠামো

"জলবায়ু পরিবর্তন মোকাবিলায় আমরা একসঙ্গে কাজ করব—কিন্তু কেউ পেছনে পড়ে থাকবে না।" এই নীতিই **জাস্ট ট্রানজিশন** -এর হৃদয়।

বাংলাদেশের মতো শ্রমনির্ভর, জলবায়ু-ঝুঁকিপূর্ণ দেশে " জাস্ট ট্রানজিশন " একটি **নৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বাধ্যবাধকতা**। এটি শুধু শ্রমিক রক্ষা নয়, এটি ভবিষ্যতের জন্য **ন্যায় ও টেকসইতার রূপরেখা।**

পরিবেশ বনাম কর্মসংস্থান নয়, বরং দুটোর সমন্বয়

অনেকে মনে করেন, পরিবেশ রক্ষা করতে গেলে কর্মসংস্থান কমে যাবে। আবার কেউ বলেন, কাজের
সুযোগ বাড়াতে গেলে পরিবেশকে ছাড় দিতে হবে। কিন্তু বাস্তবতা বলছে—এটি **একটি ভুল দ্বন্দ্ব**। আসলে, **পরিবেশ রক্ষা এবং কাজের সুযোগ—দুটোই একসাথে সম্ভব**, যদি পরিকল্পনা ঠিকঠাক হয়।

ধরুন, একটি পোশাক কারখানা পুরোনো যন্ত্রপাতি বদলে নতুন, জ্বালানিসাশ্রয়ী প্রযুক্তি আনছে। এতে বিদ্যুৎ খরচ কমে, পরিবেশ কম দূষিত হয়। আবার এই নতুন প্রযুক্তি চালাতে **নতুন প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী** দরকার হয়। ফলে কাজও থাকে, পরিবেশও রক্ষা হয়।

বৈশ্বিক তথ্য:

- ❖ ILO ও IEA-এর মতে, **২০৩০ সালের মধ্যে পরিবেশবান্ধব খাতে ১০ কোটি নতুন চাকরি** সৃষ্টি হতে পারে (renewable energy, energy efficiency, sustainable farming ইত্যাদি)।
- ❖ UNDP এক গবেষণায় বলেছে, **প্রতি ১ মিলিয়ন ডলার বিনিয়োগে** নবায়নযোগ্য শক্তি খাতে ৭.৭৫ জনের কর্মসংস্থান হয়—যেখানে জীবাশ্ম জ্বালানিতে তা মাত্র ২.৬ জন।

সবুজ খাতে বিনিয়োগ মানেই শুধু পরিবেশ রক্ষা নয়, বরং এটি একটি কর্মসংস্থানের বড় সুযোগ। "শুধু কারখানার ধোঁয়া বন্ধ করলেই হবে না, সেই ধোঁয়া কমাতে গিয়ে যেন কারও চুলায় আগুন না নিভে যায়।" এই হলো **জাস্ট ট্রানজিশনের মূল কথা**—**পরিবেশ রক্ষা ও কর্মসংস্থান**–দুটো যেন একে অপরের প্রতিযোগী নয়, সহযোগী হয়।

পরিবর্তনের ঢেউ এসে গেছে—জলবায়ু বদলাচ্ছে, প্রযুক্তি বদলাচ্ছে। কিন্তু প্রশ্ন হলো, আমাদের শ্রমিকরা কি এই পরিবর্তনের জন্য প্রস্তুত? আর এই রূপান্তরটা কি হবে ন্যায্য? এই অধ্যায়ে আমরা দেখব, বাংলাদেশের শ্রম খাতের অবস্থা, এবং এই খাতে পরিবেশ ও প্রযুক্তির পরিবর্তন কীভাবে চ্যালেঞ্জ তৈরি করছে।

বাংলাদেশের শ্রম খাত: একটা সংক্ষিপ্ত চিত্র

প্রায় ৭ কোটির বেশি কর্মক্ষম মানুষ, যার মধ্যে প্রায় ৪ কোটির বেশি অনানুষ্ঠানিক খাতে (ILO, 2023)।

RMG (পোশাক খাত): প্রায় ৪০ লক্ষ শ্রমিক, ৬০% এর বেশি নারী।

